



বর্ধমান বিশ্ববিদ্যালয়

সমাবর্তন উৎসব

১২ ফেব্রুয়ারী, ২০১৯

স্থান : গোলাপবাগ অডিটোরিয়াম, পূর্ব বর্ধমান ● সময় : বেলা ১১-০০

ছাত্রছাত্রী এবং সমাগত সকলের প্রতি নির্দেশ

- ১। যে সব ছাত্রছাত্রী উপাধি/পদক গ্রহণ করবেন, তাঁরা নির্দিষ্ট পোশাকে* সকাল ১০.০০টায় সমাবর্তন-মণ্ডপে নির্ধারিত স্থানে আসন গ্রহণ করবেন। সমাবর্তন উৎসবে যোগদানের জন্য উত্তরীয় সংগ্রহের নিয়মাবলী ভিন্ন পত্রে দেখুন।
- ২। ঠিক ১১-০০টার সময় আচার্য মহোদয়, প্রধান অতিথি এবং বিশেষ অতিথি-সহ বিশ্ববিদ্যালয়ের কোর্ট এবং কর্ম-সমিতির সদস্যদের আনুষ্ঠানিক শোভাযাত্রা আরম্ভ হবে। শোভাযাত্রা আরম্ভের সঙ্গে সঙ্গে সমাগত সকলে আসন ছেড়ে উঠে দাঁড়াবেন এবং শোভাযাত্রার সকল সদস্য মঞ্চে আসন গ্রহণ না করা পর্যন্ত দাঁড়িয়ে থাকবেন।
- ৩। কলা-বাণিজ্য, বিজ্ঞান এবং চিকিৎসাশাস্ত্র বিভাগের পি-এইচ. ডি. প্রাপকদের বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক পর্যায়ক্রমে উপাচার্যের নিকট উপস্থাপন করবেন। সেই সময় তাঁরা সকলেই নিজ নিজ স্থানে উঠে দাঁড়াবেন।
- ৪। উপাধি প্রদানের সময় এম. ফিল./নিয়মিত ও বহিরাগত স্নাতকোত্তর ছাত্রছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক পর্যায়ক্রমে উপাচার্যের নিকট উপস্থাপন করবেন। সংশ্লিষ্ট ফ্যাকাল্টির অন্তর্গত এম. ফিল./স্নাতকোত্তর বিভাগসমূহের নাম যখন ঘোষণা করা হবে তখন ঐ সব বিভাগের ছাত্রছাত্রীরা উঠে দাঁড়াবেন। সংশ্লিষ্ট উপাধিদান সম্পন্ন হবার পর আবার আসন গ্রহণ করবেন।
- ৫। বহিরাগত স্নাতকোত্তর ছাত্রছাত্রীরা তাঁদের পরিচয়ের নিদর্শনস্বরূপ বিগত পরীক্ষার মার্কশিট এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেট (প্রত্যায়িত নকল নয়) অবশ্যই সঙ্গে রাখবেন এবং প্রয়োজনে পেশ করবেন।
- ৬। পদক প্রাপকরা তাঁদের জন্য নির্ধারিত স্থানে আসন গ্রহণ করবার আগে মঞ্চের পাশে ভারপ্রাপ্ত-আধিকারিকের সঙ্গে অন্তত দেড় ঘণ্টা আগে দেখা করে পরিচয়পত্রাদি পেশ করবেন এবং বেলা ১০টার মধ্যে নির্ধারিত আসনে বসবেন। পদকদান-পর্ব ঘোষিত হলে প্রাপকরা উঠে দাঁড়াবেন। সংশ্লিষ্ট পদক প্রদান সম্পন্ন হবার পর আবার আসন গ্রহণ করবেন।
- ৭। সমাবর্তন উৎসব শেষ না হওয়া পর্যন্ত কেউ আসন ত্যাগ করবেন না।
- ৮। আনুষ্ঠানিক শোভাযাত্রা আরম্ভে যেমন এসেছিল, সমাপ্তিতেও সেইভাবে প্রত্যাবর্তন করবে। তখন সকলে পুনরায় উঠে দাঁড়াবেন। শোভাযাত্রা মণ্ডপ ত্যাগ করবার পূর্বে কেউ স্থান ত্যাগ করবেন না।
- ৯। অডিটোরিয়াম-এর ভেতরে মোবাইল ফোন-এর ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। নিজস্ব ফটোগ্রাফার আনা চলবে না। ছবি তোলার জন্য ছাত্র-ছাত্রীরা বিশ্ববিদ্যালয়-স্বীকৃত ফটোগ্রাফার-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন।

তাফাজল হোসেন
কর্মসচিব (অতিরিক্ত)

* নির্দিষ্ট পোশাক—

ছাত্র : উত্তরীয়সহ সাদা ধুতি ও সাদা পাঞ্জাবী।

ছাত্রী : উত্তরীয়সহ সাদা শাড়ী (হলুদ পাড়) ও সাদা ব্লাউজ।